



শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ, রাজশাহী।

ক্লাস নং - ০৩

বাংলা ১ম পত্র



মোঃ ইউসুফ খান গজনবী

সহঃ অধ্যাপক, বাংলা বিভাগ

➤ প্রিয় শিক্ষার্থীরা, আশা করি সবাই আমার উপস্থাপনকৃত প্রশ্ন অনুশীলন করে উপকৃত হচ্ছে। তোমরা জানো, সারাবিশ্বে কোভিড-১৯ সংক্রান্ত দুর্যোগ চলছে। এই সময় আমাদের সকলকে এই মহামারী থেকে বাঁচতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী সচেতন থাকতে হবে এবং অবশ্যই নিজ নিজ বাসায় অবস্থান করতে হবে। এমন অবস্থায় তোমাদের পড়াশোনায় নিয়মানুবর্তিতা বজায় রাখতে বাংলা ১ম পত্রের সহপাঠ্যাংশের নাটক ‘সিরাজউদ্দৌলা’ থেকে একটি সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্ন উপস্থাপন করছি।

### ● সৃজনশীল প্রশ্ন

১। দীনবন্ধু মিত্রের ‘নীল দর্পন’ নাটকে দুর্ধর্ষ মুসলিম চরিত্র তোরপ। এই দুর্ধর্ষতা সামাজিক অসঙ্গতির বিরুদ্ধে, সমাজপতিদের অন্যায় ও অনাচারের বিপক্ষে। সে গরিব কৃষক, সত্যবাদী, সাহসী, ও পরপোকায়ী মানুষ। নবীন মাধবের জন্য প্রাণ উৎসর্গ করতে সে প্রস্তুত, তাই নবীন মাধবের সব ধরনের সাহসী কাজে সে দুঃসাহসের সঙ্গী হয়। সাম্প্রদায়িক ভেদাভেদ তার দৃষ্টিতে ছিলনা বলে তার প্রতিজ্ঞা শেষ অবধি সে রক্ষা করেছে নবীন মাধবের সঙ্গী হয়ে।

- (ক) সিরাজের হত্যাকারীর নাম কী? ১  
(খ) মোহনলালকে কেন বিষ খাওয়ানো হয়েছিল? ব্যাখ্যা কর। ২  
(গ) উদ্দীপকের তোরপ চরিত্রের সাথে ‘সিরাজউদ্দৌলা’ নাটকের মোহনলাল চরিত্রের সাদৃশ্য নির্ণয় কর। ৩  
(ঘ) “তোরপ ও মোহনলাল উভয়ই দুঃসাহসী যোদ্ধা, একজন প্রতিনিধিত্ব করেছে সমগ্র দরিদ্র কৃষকজাতির এবং অন্যজন সিরাজবাহিনীর”-  
উক্তিটি আলোচনা কর। ৪

### ● বহুনির্বাচনী অভীক্ষা

১। নবাব সিরাজউদ্দৌলার দাদার নাম কী?

- (ক) হাজী মিরাজউদ্দৌলা (খ) আলীবর্দিখাঁ  
(গ) হাজী আহমদ (ঘ) মির্জা মাহমুদ

২। শাসনকার্য পরিচালনার ক্ষেত্রে নবাবের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে-

- i. দুর্বল শাসক ii. দেশপ্রেমিক iii. প্রজাবৎসল  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩। নবাবের রাজ্য শাসনের সময়কাল কত?

- (ক) ১ বছর ১৬ দিন  
(খ) ১ বছর ১৫ দিন  
(গ) ১ বছর ১৩ দিন  
(ঘ) ১ বছর ১৪ দিন

৪। নবাব সিরাজউদ্দৌলা নাটকের মূল বিষয়বস্তু -

- (ক) ষড়যন্ত্র (খ) যুদ্ধ  
(গ) অভিনয় (ঘ) বেঈমানী

৫। কে সারাদিন ভাং খেয়ে পড়ে থাকে?

- (ক) মীর জাফর (খ) রাজ বল্লভ  
(গ) শওকত জং (ঘ) জগৎশেঠ

➤ আশা করি, তোমরা প্রশ্নগুলি যথাযথভাবে অনুশীলনের মাধ্যমে নিজেদের প্রস্তুত করবে এবং এর দ্বারা উপকৃত হবে ধন্যবাদ।